



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

Sylhet Gas Fields Limited

(A Company of Petrobangla)

গ্যাস জাতীয় সম্পদ।
এর অপচয় রোধ করে জাতীয়
মাহিত্য পালন করুন।



সূত্র নং ২৮.২০.৯১৫৩.০৪৭.৪০.০০৫.২১/৫১০১


তারিখ: ০১-০৭-২০২১

অফিস আদেশ

কোম্পানিতে বর্তমান পেনশন পরিশোধের প্রচলিত পদ্ধতির পরিবর্তে পেনশন ব্যবস্থা অধিকতর সহজীকরণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়-এর অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.০১৮.০০২.১৫-০৮ তারিখ ০৭-০১-২০১৮ অনুসরণে পেনশনারদের স্বশরীরে উপস্থিতি ছাড়াই মাসিক পেনশন ভাতা নিম্নোক্তভাবে সরাসরি পেনশনারদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে :

- (ক) পেনশনারগণ প্রতি ১১তম মাসে একবার জীবিত নিশ্চিতকরণ সনদ ফরম যথাযথভাবে পূরণ করত কোম্পানির হিসাব ও অর্থ ডিভিশনের পিএফ এন্ড গ্র্যাচুইটি শাখায় জমা প্রদান করবে এবং তদানুযায়ী ১১ মাস পেনশন ভাতা প্রদান করবে।
- (খ) পেনশনারদের জীবিত নিশ্চিতকরণ সনদ ফরমে কোন ধরনের অসংগতি পরিলক্ষিত হলে পিএফ এন্ড গ্র্যাচুইটি শাখা সংশ্লিষ্ট পেনশনারের সাথে মোবাইলে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (গ) ইএফটি'র (ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার) অনুকরণে পেনশন পরিশোধের লক্ষ্যে হিসাব ও অর্থ ডিভিশনের পিএফ এন্ড গ্র্যাচুইটি শাখা একটি সফটওয়্যার জরুরি ভিত্তিতে স্থাপন করবে এবং সফটওয়্যার স্থাপন না হওয়া পর্যন্ত বর্তমান পদ্ধতিতে (এক্সেল এ) পেনশন ভাতা পরিশোধ অব্যাহত থাকবে।
- (ঘ) জীবিত নিশ্চিতকরণ সনদ ফরম (সংযুক্ত) কোম্পানির লীড এন্ড পেনশন শাখা/ পিএফ এন্ড গ্র্যাচুইটি শাখা/ সকল ফিল্ড ও স্থাপনার প্রশাসন শাখা এবং কোম্পানির ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে।
- (ঙ) পেনশনারদের প্রাপ্য পেনশন নিম্নোক্ত ব্যাংকসমূহের মাধ্যমে পরিশোধ করা হবে :
 - ১) সোনালী ব্যাংক লিমিটেড
 - ২) অগ্রণী ব্যাংক লিমিটেড
 - ৩) জনতা ব্যাংক লিমিটেড
 - ৪) কৃষি ব্যাংক লিমিটেড
 - ৫) ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড
 - ৬) ইসলামী ব্যাংক লিমিটেড

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ শওকত আলম কাদরী)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ : সকলের উদ্দেশ্যে প্রচার।

অনুলিপি:

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- কোম্পানির সকল মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, এসজিএফএল।
- কোম্পানির সকল উপ-মহাব্যবস্থাপক, এসজিএফএল।
- কোম্পানির সকল ইনচার্জ/প্রকল্প সমন্বয়ক, এসজিএফএল।
- কোম্পানির সকল ব্যবস্থাপক, এসজিএফএল।
- সভাপতি/সাধারণ সম্পাদক, এসজিএফএল অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন।
- আহবায়ক/সদস্য-সচিব, এসজিএফএল এমপ্লয়ীজ পেনশন ট্রাস্ট।
- সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারী লীগ (সিবিএ), এসজিএফএল।
- অফিস কপি।